

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০৪.১৭-৩৭৩

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬
২২ জুলাই ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৯২৭৮/২০১৫ মামলায় ২৫.১১.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৯০.০৪.২৫১.১৫.২২১

তারিখঃ ০৩ জুলাই ২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রে বর্ণিত স্মারকমূলের মাধ্যমে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৯২৭৮/২০১৫ মামলায় ২৫.১১.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণ করে গৃহীত কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করার জন্য এ বিভাগকে অনুরোধ করা হয়েছে।

০২। রিট পিটিশন নং-৯২৭৮/২০১৫ মামলার রায় পর্যালোচনা করে দেখা যায়-শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে মাস্টার রোলে নিয়োজিত উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) গণ কর্তৃক তাদের চাকুরি নিয়মিতকরণ/আত্মীকরণের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯২৭৮/২০১৫ দায়ের করা হয়।


০৩। উক্ত রিট মামলায় গত ২৫.১১.১৮ খ্রি. তারিখের রায়/আদেশে পিটিশনারগণকে আপীল বিভাগে দায়েরকৃত LGED মামলার রেফারেন্স তুলে ধরে ১১ দফা গাইড লাইনের ভিত্তিতে পর্যবেক্ষণসহ বিষয়টি নিষ্পত্তির জন্য সরকার পক্ষকে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

০৪। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ০১.১২.২০১৬ খ্রি. তারিখের প্রজ্ঞাপনমূলে Rules of Business, 1996 অধিকতর সংশোধন করা হয়েছে। উক্ত Rules এর SCHEDULE -1 (Allocation of Business among the different Ministries and Division) এর Serial No. "15 MINISTRY OF EDUCATION" A. Secondary and Higher Education Division এর আওতায় Education Engineering Department (EED) এর প্রশাসনিক কার্যাবলী নিয়ন্ত্রিত হবে মর্মে উল্লেখ রয়েছে।

০৫। এমতাবস্থায়, Rules of Business, 1996 এর অধিকতর সংশোধন অনুযায়ী বিষয়টি মহোদয়ের বিভাগের সংশ্লিষ্ট কার্যাবলীর আওতাভুক্ত হওয়ায় সংযুক্তিসহ সূত্রে বর্ণিত পত্রের মূল কপি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: (১) রিট পিটিশন নং-৯২৭৮/১৫ এর রায়ের কপি- ০৮ (আট) পাতা।

(২) সূত্রে বর্ণিত পত্রের কপি- ০১ (এক) পাতা।



(মো: আ: খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১৫০১৫৭

সিনিয়র সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।